# ভোটের তারিখ ঘোষণার পর দেশে ফিরবেন তারেক রহমান: মিন্টু



সংগৃহীত ছবি

বিএনপির ভাইস চেয়ারম্যান আবদুল আওয়াল মিন্টু বলেছেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা হলে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরবেন। তিনি আরও দাবি করেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির দিকে এবং অনেক দুষ্কর্ম বিএনপির ওপর চাপিয়ে দেওয়া হচ্ছে।

বিএনপির ভাইস চেয়ারম্যান আবদুল আওয়াল মিন্টু জানিয়েছেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা হলেই বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরবেন। শুক্রবার (১২ সেপ্টেম্বর) বিকেলে ফেনী শিল্পকলা একাডেমীতে এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

মিন্টু বলেন, “জাতীয় নির্বাচনের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনের ফলাফলের কোনো সম্পর্ক নেই। বিএনপি একটি বৃহৎ গণতান্ত্রিক দল। আমরা সবসময় দেশের মানুষের ভোটাধিকার ও গণতন্ত্রে বিশ্বাস করি। সরকারের বৈধতা নিয়ে প্রশ্ন থাকলে নির্বাচনসহ অন্যান্য বিষয়েও শঙ্কা থেকে যায়।”

তিনি দেশের বর্তমান পরিস্থিতি প্রসঙ্গে বলেন, “আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল নেই। এখনো দেশে মব তৈরি হচ্ছে, মানুষকে ধরে হত্যা করা হচ্ছে। অনেক সময় নানা দুষ্কর্ম আমাদের দলের ওপর চাপিয়ে দেওয়া হয়।”

তবে তিনি স্বীকার করেন, বিএনপির কিছু নেতাকর্মী খারাপ কর্মকাণ্ডের সঙ্গে জড়িত। এ প্রসঙ্গে তিনি জানান, “তিন থেকে চার হাজার নেতাকর্মীকে এরইমধ্যে দল থেকে বহিষ্কার করা হয়েছে।”